গণতন্ত্র পুনরুদ্ধারে অদৃশ্য শক্তির বিরুদ্ধে লড়াই চলবে: বিএনপি নেতা মুরাদ



সংগৃহীত ছবি

ঢাকা জেলা যুবদলের সভাপতি ও ঢাকা-২০ আসনের সম্ভাব্য প্রার্থী ইয়াসিন ফেরদৌস মুরাদ বলেছেন, "বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে আমরা গত ১৭ বছরে যেভাবে ফ্যাসিবাদী শক্তিকে পরাজিত করেছি, এবার অদৃশ্য শক্তিকেও পরাজিত করে দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করব।"

শুক্রবার ধামরাইয়ের কালামপুরে থানা ও পৌর মহিলা দল এবং কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

মুরাদ বলেন, "নারী শিক্ষা ও ক্ষমতায়নে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া যেভাবে ভিত্তি স্থাপন করেছেন, আমরা সেটিকে আরও বিস্তৃত করব। বিএনপি ক্ষমতায় এলে ২০৩৪ সালের মধ্যে একটি অন্তর্ভুক্তিমূলক ট্রিলিয়ন-ডলারের অর্থনীতি গড়ে তোলা হবে, যা লাখ লাখ কর্মসংস্থান সৃষ্টি করবে এবং দেশের প্রতিটি নাগরিক, বিশেষ করে নারী, উন্নয়নের অংশীদার হবে।"

তিনি আরও যোগ করেন, "আমাদের নেতা তারেক রহমান ইতোমধ্যে এই অর্থনৈতিক রূপরেখা ঘোষণা করেছেন। এই পরিকল্পনা বাস্তবায়ন করতে হলে আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিতে হবে। এখন থেকেই জনগণের মধ্যে ধানের শীষের পক্ষে গণজোয়ার সৃষ্টি করতে হবে।"

অনুষ্ঠানে জাতীয়তাবাদী মহিলা দলের যুগ্ম সাধারণ সম্পাদক সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে এবং ঢাকা জেলা যুবদলের দপ্তর সম্পাদক মনিরুল ইসলামের পরিচালনায় আরও বক্তব্য রাখেন বিএনপি নেতা এম এ জলিল, খন্দকার আইয়ুব ও খন্দকার আবু তাহের মুকুটসহ অন্যরা।